গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৩.২২. ৪৫

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ / ১৯ ফেব্রুয়ারি ২০২৬

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, মহেশখালী, কক্সবাজার (পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, তানোর, রাজশাহী) কর্তৃক জনাব মোহাম্মদ হোসেন খান, উপজেলা সমাজসেবা অফিসার, তানোর, রাজশাহীকে শারীরিকভাবে লাঞ্ছিত করার বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহীর স্মারক নম্বর ৪১.২৬.৫০০০.০০০.১৮.০০১.২০.১৯৫ তারিখ ০২/০৬/২০২২ যোগে উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহীকে আহ্বায়ক করে ০৪(চার) সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বিগত ০২/০৬/২০২২ তারিখ আনুমানিক ৩.০০ ঘটিকায় সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা এর দায়িত্বপ্রাপ্ত মুন্ডুমালা পৌরসভার ৩৮ জন ভাতাভোগীর এম আই এস, মোবাইল নম্বর পারসন টু পারসন যাচাই-বাছাইকালে গড়মিল পাওয়ায় তাকে এবিষয়ে জিজ্ঞাসা করলে তিনি এ বিষয়ে পাল্টা কর্মকর্তাকে সংশোধন করে নিতে বলেন। কর্মকর্তা তাকে উক্ত তালিকা দ্রুত সঠিকভাবে পেশ করতে নির্দেশ প্রদান করলে তিনি কর্মকর্তার উপর আকস্মিকভাবে চড়াও হন এবং পেপার ওয়েট, পেনদানি ইত্যাদিসহ জনাব মোহাম্মদ হোসেন খান, উপজেলা সমাজসেবা অফিসার, তানোর, রাজশাহীকে শারীরিকভাবে লাঞ্ছিত করেন;

যেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, মহেশখালী, কক্সবাজার (পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, তানোর, রাজশাহী) এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (উপসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী স্মারক নম্বর ৪১.২৬.৫০০০.০০০.১৬.১৩৫.১৯.১৯৯ তারিখ ০৪/০৬/২০২২ যোগে অনুরোধ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ০৮/০৬/২০২২ তারিখে ৪১.০১.০০০০.০১৪. ২৭.০৩৩.২২.১৯১ সংখ্যক অফিস আদেশ যোগে জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা কে সমায়িক বরখাস্ত করা হয়। একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নম্বর ১১/২০২২ তারিখ ১৯/০৬/২০২২) রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা বিভাগীয় মামলার জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় (মামলা নম্বর ১১/২০২২ তারিখ ১৯/০৬/২০২২) আনীত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিল করার সহকারী পরিচালক (প্রতিষ্ঠান-০৪), সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ২৩/১০/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০৬৩.২৭.০০১.২৫.৩৩৭ সংখ্যক স্মারকপত্র মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় (মামলা নম্বর ১১/২০২২ তারিখ ১৯/০৬/২০২২) আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) ধারা মোতাবেক চাকুরী হতে বরখাস্তকরণ (Dismissal from Service) বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড আরোপ করার লক্ষ্যে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, কেন তাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত (Dismissal) গুরুদন্ড আরোপ করা হবে না তার জবাব সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য সমাজসেবা অধিদপ্তরের ২৬/১১/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৩.২২.৪৯৬ সংখ্যক স্মারক পত্র যোগে অনুরোধ করা হয়। জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন;

সেহেতু, জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা, কারিগরী প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, মহেশখালী, কক্সবাজার এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম এর ০১/০১/২০২৬ তারিখের পত্র এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। কিন্তু বর্ণিত কর্মচারীর জন্ম তারিখ ০১/০১/১৯৬৮ হওয়ায় পিআরএল গমনের তারিখ ৩১/১২/২০২৬ বিধায় তাকে কোন প্রকার দন্ড প্রদান করা যাচ্ছে না। এমতাবস্থায় তার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতকাল ১৯/০৬/২০২২ তারিখ হতে ১১/১০/২০২৫ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছর ০৩(তিন) মাস ২২ (বাইশ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন। উক্ত আদেশ তার সার্ভিস বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৯.০২.২০২৬

(মোস্তফা মোস্তাকুর রহিম খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৩৩.২২. ৪৫ (১২)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ / ১৯ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বাড়ি-২৩, রোড-২, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, মহেশখালী, কক্সবাজার।
৯. জনাব মোঃ আব্দুল হালিম মোল্লা, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, মহেশখালী, কক্সবাজার।

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
☎ ০২৫৫০০৭৩৭০